

জর্জ টেলিগ্রাফ

সংখ্যা : ১৩

১ মার্চ ২০২৫

‘জর্জ ওয়ান’ অ্যাপসের মাধ্যমে অনলাইন কোর্সের সুবিধা জর্জ টেলিগ্রাফে

শিক্ষাক্ষেত্রে দিনদিন কিছু না কিছু বদল ঘটছে। নানাবিধ রূপান্তরের মাধ্যমে শিক্ষা বহুলাংশে বর্তমানে প্রযুক্তির উপরও নির্ভরশীল। করোনা কালে আমরা দেখেছিলাম, বাড়িতে বসে থেকে শিক্ষার্থীরা অনলাইন ক্লাস করেছে। শুধু অনলাইনই বা কেন, সাম্প্রতিক সময়ে শ্রেণীকক্ষে ভিডিও প্রজেক্টরের মাধ্যমে ছাত্রছাত্রীদের মননে আরও ভাল করে বিষয়গুলিকে রপ্ত করানোর প্রয়াস চলছে।

জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটও এই কাজে অনেকটাই এগিয়েছে। তারা যুগান্তকারীভাবে জর্জ ওয়ান অ্যাপস বাজারে নিয়ে এসেছে। এই অ্যাপসের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের আইডি দিয়ে নানারকম সুবিধে নিতে পারবে। হাইব্রিড মডেলে এই শিক্ষা দেওয়া হবে, অর্থাৎ অফলাইন এবং

অনলাইন ক্লাসের মাধ্যমে শিক্ষার্থীরা এই অ্যাপসের সুবিধা পাবে। অ্যাপস ইনস্টল করে বিশ্বের যে কোনও জায়গা থেকে এই প্রযুক্তি

ব্যবহার করতে পারবে ছাত্রছাত্রীরা। নানাবিধ কোর্সের পাঠক্রমের মধ্যে ভারসাম্য রাখা হবে। কোর্সগুলির জেনারেল ম্যানুয়াল ঠিক রাখার জন্য শিক্ষক ও বিশেষজ্ঞদের একটি কর্মশালা হবে। লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেমের (এলএমএস)-র মাধ্যমে যে কোর্সগুলিকে এই জর্জ ওয়ান অ্যাপসের মধ্যে রাখা হয়েছে, তা হল, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, স্মার্ট ফোন প্রযুক্তি, সরকারী চাকরির পরীক্ষা, কম্পিউটার অ্যাপ্লিকেশন,

ডেটা অ্যানালাইসিস, হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং, ফিন্যান্স অ্যাকাউন্টস, প্যারামেডিকেল ও প্রি স্কুল। শিক্ষার এই আধুনিকীকরণ সম্পর্কে বক্তব্য রাখতে গিয়ে জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউটের সিইও সঞ্জীব কুমার দাস জানিয়েছেন, “এই অ্যাপসের সার্বিক উপকার পাবে শিক্ষার্থীরা। তারা যে কোনও জায়গা

থেকেও এটি অনলাইনে ব্যবহার করতে পারবে। শিক্ষাকে প্রযুক্তিতে রূপান্তরিত করার এই প্রচেষ্টা যথেষ্ট সাড়া ফেলবে, সেটি বলাই যায়।”



জর্জ ওয়ান অ্যাপস কেন ব্যতিক্রমী

- শিক্ষার্থীরা খুব সহজে এই অ্যাপস ব্যবহার করতে পারবে
- অ্যাপসের প্রযুক্তিগত সুবিধা
- লাইভ ও রেকর্ডেড ক্লাস
- দ্রুত সার্টিফিকেট প্রদান
- অনলাইনে অ্যাসাইনমেন্ট ও পরীক্ষার ব্যবস্থা



নতুন শিক্ষার্থীদের জন্য...

- সহজে নাম নথিভুক্তকরণের সুবিধা
- বাংলা ছাড়াও আরও ছয়টি আঞ্চলিক ভাষায় শিক্ষাগ্রহণ
- নিজেই পছন্দমতো কোর্স করার সুবিধা
- পেমেন্ট পদ্ধতি অতি সহজে
- নির্দিষ্ট কোনও শিক্ষক দ্বারা ট্রেনিং

জর্জ টেলিগ্রাফের ‘স্মার্ট প্রেপ’

মাধ্যমিকের পরে উচ্চ মাধ্যমিকে ভাল ফল এবং সরকারী পরীক্ষার প্রস্তুতি একইসঙ্গে এবার জর্জ টেলিগ্রাফে। জি. এস. সি. ই (জর্জ স্কুল অফ কম্পিউটিভ এক্সাম) ডিজিটাল জর্জ ওয়ান অ্যাপসের মধ্যেই ‘স্মার্ট প্রেপ’ ক্যাটাগরি শিক্ষার্থীদের কারিগরি ও বিষয়ভিত্তিক কোর্সও শেখাবে। অঙ্ক ছাড়াও ওই ক্যাটাগরির মাধ্যমে ছাত্রছাত্রীরা ইংরাজি ভাষা ও সাধারণ জ্ঞানের পাঠও নিতে পারবে। ওই বিষয়ের মধ্যেই অন্তর্ভুক্ত থাকবে ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি। পাশাপাশি ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, প্রকৃতি বিজ্ঞান, জীববিদ্যা, অর্থনীতি ও ট্র্যাডিশনাল জেনারেল নলেজও এর মধ্যে রয়েছে। মাধ্যমিকের পরে উচ্চতর বিদ্যার একটা ভাবনা থাকে শিক্ষার্থীদের। তারা নিজেদের আরও শিক্ষাক্ষেত্রে উন্নতির জন্য নানা কোর্সে ভর্তি হতে চায়। জর্জ টেলিগ্রাফের এই প্রচেষ্টায় তারাও অনেকবেশি নিশ্চিত হতে পারবে। পাশাপাশি সরকারী চাকরির পরীক্ষায় তারা কিভাবে প্রস্তুতি নেবে, সেই ভাবনারও নিরসন ঘটল স্মার্ট প্রেপ-এর মাধ্যমে। শিক্ষাক্ষেত্রে প্রযুক্তি আনার ক্ষেত্রে জর্জের এই প্রযুক্তিগত উদ্যোগ প্রশংসনীয়।

